

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৭৬

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৪. যে লোক তার স্ত্রীর পশ্চাদ্দারে সঙ্গম করে

بَاب مَنْ أَتَى امْرَأَتَهُ فِي دُبْرِهَا

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي الْحَارِثُ بْنُ يَعْقُوبَ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ أَبِي الْحُبَابِ قَالَ قُلْتُ لِابْنِ عُمَرَ مَا تَقُولُ فِي الْجَوَارِي حِينَ أُحْمَضُ بِهِنَّ قَالَ وَمَا التَّحْمِيزُ فَذَكَرْتُ الدُّبْرَ فَقَالَ هَلْ يَفْعَلُ ذَاكَ أَحَدٌ مِنَ الْمُسْلِمِينَ

বাংলা

১১৭৬. সাঈদ ইবনু ইয়াসার আবী হুকাব হতে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু উমার রাযিয়াল্লাহু আনহুমা কে বললাম, দাসীদের সাথে যদি আমি 'তাহমীদ' করি, সে ব্যাপারে আপনার মত কি? তিনি জিজ্ঞাসা করলেন: 'তাহমীদ' করা কি? তখন আমি পশ্চাদ্দারে (সঙ্গম করা)-এর কথা উল্লেখ করলাম। তখন তিনি বললেন: মুসলিমদের মাঝেও একাজ কেউ করে না-কি?[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যরীফ। আব্দুল্লাহ ইবনু সালিহ লাইছের লিখক, তার স্মৃতিশক্তি অত্যন্ত দুর্বল।

তাখরীজ: তাহাবী, শারহু মা'আনিল আছার ১/৪১ সহীহ সনদে; নাসাঈ, আল কুবরা নং ৮৯৭৯;

ইবনু কাছীর তার তাফসীর ১/৩৮৯ এ এ হাদীস সম্পর্কে বলেন: 'এটি তার তথা ইবনু উমার হতে সাব্যস্ত রয়েছে।

আর এটি আবী হানীফা, শাফিঈ, আহমাদ ইবনু হাম্বল ও তার সাথীদেরও মত।

আবার এটি সাঈদ ইবনুল মুসাইয়েব, আবী সালামাহ, ইকরিমাহ, তাউস, আতা, সাঈদ ইবনু জুবাইর, উরওয়া ইবনু জুবাইর, মুজাহিদ ইবনু জাবির, হাসান ও অন্যান্য সালাফদের মত যে: তারা এটিকে কঠিনভাবে প্রত্যাখ্যান

করেছেন; আর তাদের মধ্যে কেউ কেউ এমন কর্মকারীর উপর ‘কুফর’ শব্দ প্রয়োগ করেছেন। আর এটি জমহুর (অধিকাংশ) উলামার মত।’

হাদিসের মান: ষঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81459>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন